

## কবিতা তৈরির উদাহরণ

১

নগর ঘুমিয়ে গেলে জেগে উঠি আমি  
জেগে ওঠে ময়লা চাঁদ দূরাগত প্রবল শূন্যতা

নিদ্রিত রাতের গায়ে  
আমি নীল নীল অক্ষর সাজাই

দিনের আলো ধরে আসে  
পুরনো বান্ধবীর ব্যথা জাগানিয়া চিঠি  
আমার প্রবাসী ঠিকানায়

খামে খামে মৌসুমী বায়ু পাঠায় সে  
আমি স্বপ্নের মাঝে খুলি  
অঝোর শ্রাবণ ঝাঁপিয়ে আসে  
কাঁচা পঙ্ক্তিশুলি ভিজে যায় প্রবল গ্লাবনে

আমার কাশফুল মনে পড়ে ধানক্ষেত মনে পড়ে  
শরতের ভেজা পথে হেঁটে যায় নতুন ইশারা

ভোরের শিশির ধরে পিছলে যায় দীঘল রাত  
আমিও এগিয়ে চলি আলোর দিকে অনিবার্য

২

প্রজাপতির ডানা রং দিয়ে পঙ্ক্তিশুলি তবে ভিজিয়ে ফেলি !

প্রজাপতি মানেই তো যাযাবর নেশা, চলমান পেশা,  
ফুল থেকে বীজ নির্মাণের নিগূঢ় গতিপথ ....  
সুতরাং এসব তো হতেই পারে পদ্যের ইক্ষন।  
পর্ণমোটা বিটপের পরিযায়ী মননের মতো  
কবিতাও হতে পারে ভ্রমণপিপাসু

বান্ধবী চাইলে যেভাবে আকাশে চাঁদ জ্বলে ওঠে  
যেভাবে পার্কে সন্ধ্যা নামে ... উষণে আছড়ায় ... দহনের হলকা আসে  
কবিতাও সেরকম চাঁদ ওঠা থেকে চুম্বন অব্দি প্রক্রিয়াগুলি



গুঁজে রাখতে পারে অক্ষরে অক্ষরে  
অন্তত আমার এ কবিতায় সেরকমই কিছু রইল।

শিশির পাল

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310

email: editor@srishtisandhan.com